

মধু, I want to speak to you—privately.

জ্ঞানেন্দ্রমোহনের দিকে চাহিলেন

জ্ঞানেন্দ্র । (উঠিয়া দাঁড়াইলেন) আপনারা এইখানেই কথা-বার্তা
বলুন—আমি ভিতরে যাচ্ছি ।

চলিয়া গেলেন

মধু । (সবিস্ময়ে) কি বলবেন আমাকে ?

কৃষ্ণমোহন । তুমি কাল কলেজে কি করেছ ?

মধু । কলেজে ? কখন ?

কৃষ্ণমোহন । কলেজে ঠিক নয়—খাবার সময়—

মধু । Oh, I see.

কৃষ্ণমোহন । You should be ashamed.

মধু । Ashamed ? Why ? খাবার পর প্রত্যেক student-কে
wine দেওয়া নিয়ম—that is our legitimate due. Why will
that rascal of a steward refuse to give us our share ?

কৃষ্ণমোহন । He did not refuse—যদ আর ছিল না—that
is a fact—ফুরিয়ে গিয়েছিল ।

মধু । ফুরিয়ে গিয়েছিল ? সায়েবদের বেলায় ফুরায় না, আর
Indian student-দের বেলাতেই ফুরিয়ে যায় ? I won't tolerate
this injustice. I am simply fed up with the distinction
they make between black skin and white skin.

কৃষ্ণমোহন । তাই বলে তুমি খাবার টেবিলে গ্লাস চূরগার ক'রে
উঠে আসবে ?

মধু । I repent, I did not smash the head of that
rascal.

কৃষ্ণমোহন । No, I cannot approve this unmannerly attitude—আর একটা কথা শুনলাম, তুমি নাকি বই বাধা দিয়ে টাকা ধার কর ?

মধু । Yes, I do—but I need a lot of money to live like a gentleman here. This Bishop's College is very much expensive.

কৃষ্ণমোহন । (মাথা নাড়িয়া) You will be in deep waters if you do not check yourself, boy.

মধু । (হঠাৎ) আমি একটা কথা আপনাকে সোজাসুজি জিগোস করতে চাই—

কৃষ্ণমোহন । কি কথা ?

মধু । আমি যখন ক্রিষ্টান হইনি তখন যারা আমায় আশা দিয়েছিলেন যে, ক্রিষ্টান হ'লে আমাকে বিলেতে নিয়ে যাবেন এখন তাঁরা সবাই সরে দাঁড়িয়েছেন । আমার ক্রিষ্টান হওয়ার আর একটা কারণ ছিল—I wanted to marry your daughter দেবকী ; you knew it and gave me hopes. May I know when are we going to be married ?

কৃষ্ণমোহন । সমস্ত দেখে শুনে তোমার সম্বন্ধে আমি হতাশ হয়েছি !

মধু । হতাশ হয়েছেন ? কেন ?

কৃষ্ণমোহন । To be very candid—তোমার মত উচ্ছৃঙ্খল মাতালের হাতে দেবকীকে আমি দিতে পারব না। তাছাড়া খিদিরপুরের এক ভদ্রলোকের সঙ্গে দেখা হ'ল এখনি—তিনি বললেন তোমার বাবা নাকি তোমার খরচ দেওয়া বন্ধ করবেন ! Naturally I cannot

marry my daughter with a thoughtless and penniless young man. You drink too much.

মধুসূদন কিছুক্ষণ নিকবাক হইয়া তাঁহার প্রতি
চাহিয়া দাঁড়াইয়া রহিলেন। কিছুক্ষণ পরে
তাঁহার মুখে কথা ফুটিল

মধু। May I ask you one question, Sir? Are you not a disciple of famous Derozio? Is he not the man who made drinking a fashion amongst us? Is it not a fact that you yourself drank, ate beef and were turned out of your own home? আপনি আমাকে বলছেন উচ্ছৃঙ্খল মাতাল!

কৃষ্ণমোহন। I don't like to discuss these things with a youngster like you. But know it, my boy, that all the disciples of Derozio are the leading men of Bengal to-day. They are the flowers of the country.

মধু। ও সব কথা যাক! আমি জানতে চাই দেবকীর সঙ্গে আমার বিয়ে দেবেন কি না!

কৃষ্ণমোহন। দিতে পারি, যদি তুমি solemnly promise কর যে জীবনে আর মদ স্পর্শ করবে না।

মধু। I am too green a Christian yet to make such a false promise. Then, this is final?

কৃষ্ণমোহন। নিশ্চয়।

দেবকী আসিয়া প্রবেশ করিলেন

দেবকী। বাবা, আপনি কাপড় বদলাবেন না?

কৃষ্ণমোহন। হ্যাঁ, চল যাই।

মধুসূদন নিম্নের জন্তু দেবকীর দিকে
একবার তাকাইলেন। কি যেন তাহাকে
বলিতে গেলেন—তাহার পর আত্মসংবরণ
করিয়া টেবিল হইতে বিভার ছাটটা তুলিয়া
লইয়া বলিলেন

মধু। চললাম তাহলে—Good night.

চলিয়া গেলেন—পিতা-পুত্রী পরস্পরের
দিকে তাকাইয়া দাঁড়াইয়া রহিলেন

দ্বিতীয় বিরতি

দশম দৃশ্য

গৌরদাস বসাকের বাড়ী। গৌরদাস,
ভূদেব ও ভোলানাথ কথাবার্তা বলিতেছেন।
সকলেরই বয়স বাড়িয়াছে। গৌর
গজাইয়াছে।

ভোলানাথ। সত্যি, মধু মাদ্রাজে চলে গেছে—এ কথা ভাবলেও
কষ্ট হয়।

ভূদেব। তিন-চার বছর হয়ে গেল, না?

গৌর। তা হ'ল বই কি—! তোমার হাতে কি কাগজ হে ওখানা?

ভোলানাথ। 'হরকরা'—আমাদের রামগোপাল ঘোষ এতদিন পরে
অপমানের শোধটা তুলেছে। I am glad that British Indian
Association is going to be established.

ভূদেব। টমসন সায়েবের 'ব্রিটিশ ইণ্ডিয়া সোসাইটি' আর স্বারিক
ঠাকুরের Bengal Landholders' Association—এই দুটি বৃষ্টি
amalgamated হ'য়ে গেল? কোন্ অপমানের কথাটা তুমি বলছ?

ভোলানাথ। বাঃ—মনে নেই? সায়েবরা রামগোপাল ঘোষকে
Agri-horticultural Society-র সহকারী সভাপতির পদ থেকে
নামিয়ে দিয়েছিল!

ভূদেব। হ্যাঁ হ্যাঁ—মনে পড়েছে বটে।

গৌর। সায়েবরা ওর ওপর চটেছিল সেই Black act-এর
ব্যাপারে! ভালই হ'ল, এসোসিয়েশন্টা হয়ে। এতদিনে আমাদের
নিজেদের একটা জোর হ'ল—আমাদের নিজেদের কথা গুছিয়ে বলবার
উপায় ছিল না! Association is a necessity.